THE

PHARMACEUTIST'S MANUAL

A COMPANION TO THE

GERMAN AND AMERICAN

HOMŒOPATHIC PHARMACOPÆIAS.

ভেষজ-বিধান

অর্থাৎ

জর্ম্মান্ ও আমেরিকান্ হোমিওপ্যাথিক্ ফারমাকোপিয়া মতে

ঔষধ প্রস্তুত প্রণালী বিষয়ক গ্রন্থ।

M. BHATTACHARYYA & CO.

78, COLLEGE STREET, CALCUTTA.

1892

CONTENTS. নির্ঘণ্ট পত্র

PART III. Drugs and their Vehicles.

তৃতীয় অধ্যায়।—ভেষজ ও ভেষজবহ।

PART IV. Homœopathic Pharmacy.

চতুর্থ অধ্যায়।—ঔষধ প্রস্তুত প্রকরণ।

How to Dispense Drugs.

PART V. External Applications and their Components.

The Components of External Applications.

ঔষধ প্রয়োগ পদ্ধতি।

পঞ্চম অধ্যায়।—বাহ্য-প্রয়োগের ঔষধ ও তাহার উপাদান।

বাহ্যপ্রয়োগের ঔষধের উপাদান

ভূমিকা।

আমাদের ঔষধালয়ের অধিকাংশ ঔষধ জর্ম্মানি ও আমেরিকা হইতে আনীত হয়; ঐ সকল দেশে যে ফার্ম্মাকোপিয়া প্রচলিত, তাহার বাঙ্গালা অনুবাদ না থাকায়, অমাদিগের ইংরাজীভাষানভিজ্ঞ গ্রাহকগণের পক্ষে ঔষধের ক্রম প্রস্তুত করা সম্পূর্ণ অসম্ভব ব্যাপার হইয়া রহিয়াছে। যথাসাধ্য এই অভাব মোচন করাই আমাদিগের মুখ্য উদ্দেশ্য। উত্তর-পশ্চিম প্রদেশ, উড়িষ্যা, ও মান্দ্রাজ প্রভৃতি অঞ্চলের যে সকল শিক্ষিত লোক বাঙ্গালা ভাষায় অভিজ্ঞ নহেন, তাঁহাদিগের বোধগম্য করিবার জন্য, আমরা পুস্তকের প্রতি পৃষ্ঠায় বাঙ্গালার পার্শ্বে ইংরাজীতে বিষয় সকল সংকলিত করিয়াছি।

আমেরিকান্ ও জর্ম্মন্ হোমিওপ্যথিক ফার্ম্মাকোপিয়ার ঔষধ প্রস্তুত প্রণালী প্রায় একই রূপ।

এই গ্রন্থ সঙ্কলন কালে যে সকল পুস্তকের সাহায্য গ্রহণ করা হইয়াছে, সেই সকল গ্রন্থের নাম ৷৷৵৹ পৃষ্ঠায় ইংরাজীতে উল্লিখিত হইল। সঙ্কলিত বিষয়গুলি গ্রন্থ মধ্যে যথাবিহিতরূপে সন্নিবেশ করণার্থ প্রভূত যত্ন ও পরিশ্রম বিনিয়োগ করা হইয়াছে। এই গ্রন্থের কোন স্থানে যদি কেহ কোন রূপ ভ্রম দেখিতে পান তাহা আমাদিগকে জানাইলে, আমরা তাঁহার নিকট বিশেষ বাধিত হইব।

আমরা সকৃতজ্ঞ চিত্তে স্বীকার করিতেছি যে এই গ্রন্থ সঙ্কলন বিষয়ে এই মহানগরীর কয়েকজন সুপ্রসিদ্ধ হোমিওপ্যাথিক চিকিৎস্যকের নিকট, বিশেষতঃ একজনের নিকট বিশেষরূপ ঋণী রহিলাম। তাঁহার সাহায্য ব্যতীত পুস্তকখানিকে ঈদৃশ সুচারুরূপে সম্পন্ন করা, অধিক কি ইহা সমাধা করাও, আমাদিগের পক্ষে অসম্ভব হইত। বঙ্গানুবাদের নিমিত্ত সুপরিচিত লেখক ও বক্তা শ্রীযুক্তবাবু নগেন্দ্রচন্দ্র মিত্র মহাশয়ের নিকটে আমরা বাধিত রহিলাম।

জর্ম্মানি ও আমেরিকার ঔষধের ক্রম প্রস্তুতকালে অনেকে যে ব্রিটিশ ফার্ম্মাকোপিয়ার পদ্ধতি, অথবা অন্য কোন প্রকার অযথা পদ্ধতি অবলম্বন করিয়া ভ্রমে পড়িয়া থাকেন, আশা করি এই গ্রন্থখানি প্রচারিত হইলে তাঁহাগিকে আর তাদৃশ ভ্রমে পড়িতে হইবে না।

৭৮, কলেজষ্ট্রীট, কলিকাতা,
৫ই মাঘ, ১২৯৮।

শ্রীমহেশচন্দ্রভট্টাচার্য্য এণ্ড কোং,
প্রকাশক।

PART I. Introduction.

TO THE READER.

The Reader is requested to thoroughly master the *Abbreviations*, (p. xii) and *Weights* and *Measures* (p. xiii), before using this *Manual*.

The fractions $\frac{1}{2}$, $\frac{1}{6}$, $\frac{1}{10}$ and $\frac{1}{100}$ placed within ( ) after the name of a drug [Pages 1—121], denote one-half, one-sixth, one-tenth and one-hundredth part of the original drug.

The preparations of drugs according to the *German Homœopathic Pharmacopœia* and *American Homœopathic Pharmacopœia* are expressly marked by the words "American" and "German" in the *Manual* (Pp 1—121). Where neither of these words occurs, the preparation is to be understood to be made according to the *German Homœopathic Pharmacopœia*.

It is needless to add that the Homœopathic medicines imported from England should *never* be diluted according to the Formulæ in our *Manual*, nor should those imported from America or Germany be diluted according to the rules laid down in the *British Homœopathic Pharmacopœia*.

প্রথম অধ্যায়।—সূচনা।

পাঠকের প্রতি নিবেদন।

যে সকল "সাঙ্কেতিক চিহ্ন" (পৃঃ ৸০ ও ৸৵০) এই পুস্তকে ব্যবহৃত হইয়াছে, পুস্তকখানি পাঠ করিবার পূর্ব্বে পাঠক যেন তৎসমুদায় বিশেষরূপে আয়ত্ত করিয়া লন।

যে ঔষধের পরে বন্ধনীর মধ্যে $\frac{1}{2}$, $\frac{1}{6}$, $\frac{1}{10}$ অথবা $\frac{1}{100}$ ভগ্নাংশ লিখিত হইয়াছে, ঐ সকল ভগ্নাংশ দ্বারা ঐ নামের মূল ঔষধের অর্দ্ধাংশ, ষষ্ঠাংশ, দশমাংশ বা শতাংশ বুঝিতে হইবে।

জর্ম্মান্ ফর্ম্মাকোপিয়া অথবা আমেরিকান্ ফার্ম্মাকোপিয়া অনুসারে ঔষধের প্রস্তুত প্রণালী (পৃঃ ১-১২১) এই পুস্তকে "জর্ম্মান" ও "আমেরিকান" শব্দ দ্বারা সুস্পষ্টরূপে নির্দ্দেশিত হইয়াছে। যেখানে প্রস্তুত প্রণালী সম্বন্ধে এরূপ কোন শব্দের উল্লেখ নাই, সেখানে জর্ম্মান্ হোমিওপ্যাথিক ফার্ম্মাকোপিয়া অনুসারে লিখিত বলিয়া বুঝিয়া লইতে হইবে।

ইহা বলা বাহুল্য যে ইংলণ্ড হইতে যে সকল ঔষধ আনীত হয়, এই পুস্তকের প্রক্রিয়া মালা অনুসারে কখনই তৎসমুদয়ের ক্রম প্রস্তুত করা বিধেয় নহে; আমেরিকা ও জার্ম্মানি হইতে যে সকল ঔষধ আনীত হয়, ব্রিটিশ হোমিওপ্যাথিক ফার্ম্মাকোপিয়ার নিয়মাবলী অনুসারে তৎসমুদায়ের ক্রম প্রস্তুত করাও কর্ত্তব্য নহে।

ABBREVIATIONS.

A. H. P.=American Homœopathic Pharmacopœia.
Aq. dest.=Aqua destillata (distilled water).
B. H. P.=British Homœopathic Pharmacopœia.
C. N.=Common Name.
F=Formula.
G. H. P.=German Homœopathic Pharmacopœia.
Gtt.=Gutta or Guttæ (a drop or drops).
M.=Misce (mix).
ϕ.=Mother (strongest) Tincture, or Pure Substance.
P. N.=Present Name.
Pulv.=Pulverised.
℞.=Recipe (take).
Ss.=Semi (one-half).
Tr.=Tincture.
Trit.=Trituratus (a trituration).
Wt.=(by) Weight.

× affixed to the simple numerals (1×, 2×, 3× &c.), means that the preparation is on the Decimal Scale.

The simple numerals (1, 2, 3 &c.), affixed to a drug, mean that the preparation is on the Centesimal Scale.

As the Abbreviations of the names of the Homœopathic Medicines (as Acon. for Aconite, Bell. for Belladonna. &c) are given in ordinary Text-books, we do not unnecessarily reproduce them here.

সাঙ্কেতিক চিহ্ন।

আঃ হোঃ ফাঃ——আমেরিকান্ হোমিওপ্যাথিক্ ফার্ম্মাকোপিয়া।
ব্রিঃ হোঃ ফাঃ—ব্রিটিশ্ হোমিওপ্যাথিক্ ফার্ম্মাকোপিয়া।
সাঃ নাঃ——সাধারণ নাম।
প্রঃ——প্রক্রিয়া।
জাঃ হোঃ ফাঃ—জর্ম্মান্ হোমিওপ্যাথিক্ ফার্ম্মাকোপিয়া।
মিঃ——মিশ্রিত কর।
ϕ——মূল অরিষ্ট বা মূল পদার্থ।
বঃ নাঃ——বর্ত্তমান নাম।
পৃঃ——পৃষ্ঠা।

×র পূর্ব্বে ১, ২, ৩, প্রভৃতি সংখ্যা থাকিলে (১×, ২×, ৩× ইত্যাদি) বুঝিতে হইবে যে দশমিক রীত্যনুসারে ক্রম প্রস্তুত হইয়াছে।

১, ২, ৩, ইত্যাদি সংখ্যা কোন ঔষধের পরে লিখিত হইলে বুঝিতে হইবে যে শততমিক রীত্যনুসারে ক্রম প্রস্তুত হইয়াছে।

হোমিওপ্যাথিক ঔষধ সমূহের সংক্ষিপ্ত নাম (যথা "একনাইটের" পরিবর্ত্তে "একন্." বেলেডোনার পরিবর্ত্তে "বেল" ইত্যাদি) হোমিওপ্যাথিক পাঠ্য পুস্তক সমূহে বিবৃত আছে বলিয়া আমরা এ পুস্তকে তৎসমুদয় লেখা আবশ্যক বোধ করিলাম না।

WEIGHTS AND MEASURES WITH THEIR ABBREVIATIONS.

APOTHECARIE'S WEIGHTS.

1 Grain=Gr. i.

437½ Grains=1 Ounce (℥ i).
16 Ounces=1 Pound (℔ i).

The following Weight formerly in general use, is now being mostly discarded :—

20 Grains (grs)=1 Scruple (℈i).
3 Scruples=1 Drachm (ʒi).
8 Drachms=1 Ounce (℥i).
12 Ounces=1 Pound (℔ i).

Apothecarie's Measures.

1 Mimim=♏ i.

60 Minims=1 Fluid Drachm (f ʒi)
8 Fl Drachms=1 Fl Ounce (f ℥ i).

20 Fluid Ounces*=1 Pint (O i).
8 Pints=1 Gallon (C i).

The relation of *Measure to Weight*, is that 1 minim is the measure of $\frac{91}{100}$ of a grain of distilled water For practical purposes, however, we may consider 1 grain (by weight) =1 minim of distilled water (by weight)=2 minims of alcohol (by weight).

1 Minim=2 drops nearly.
1 Teaspoonful=ʒi.
1 Dessert-spoonful=ʒii.
1 Table-spoonful=ʒiv (or ℥ss).

* Formerly 16 Ounces=1 Pint.

ওজন ও মাপ এবং তৎসমুদয়ের সাঙ্কেতিক চিহ্ন।

ডাক্তারি ওজন।

১ গ্রেন = গ্রে i.
৪৩৭½ গ্রেন = ১ আউন্স (℥i).
১৬ আউন্স = ১ পাউণ্ড (℔i).

নিম্নলিখিত ওজন পূর্ব্বে ব্যবহৃত হইত, কিন্তু এক্ষণে পরিত্যক্ত হইয়াছে :—

২০ গ্রেন = ১ স্কুপল (℈i).
৩ স্কুপল = ১ ড্রাম (ʒi).
৮ ড্রাম = ১ আউন্স (℥i).
১২ আউন্স = ১ পাউণ্ড (℔i).

ডাক্তারি মাপ।

১ মিনিম = ♏ i.
৬০ মিনিম = ১ ড্রাম (*f*ʒi).
৮ ড্রাম = ১ আউন্স (*f*℥i).
২০ আউন্স* = ১ পাইণ্ট (Oi).
৮ পাইণ্ট = ১ গ্যালন (Ci).

মাপের সহিত ওজনের সম্বন্ধ এই যে ১ মিনিম পরিস্রুত জল = $\frac{৯১}{১০০}$ গ্রেন পরিস্রুত জল। মোটামুটি ধরিতে গেলে ১ মিনিম পরিস্রুত জল = ২ মিনিম সুরাসার = ১ গ্রেন্ (ওজনে)।

১ মিনিম = (প্রায়) ২ ফোঁটা।
১ টি স্পূনফুল = (ʒi) এক ড্রাম।
১ ডেসার্ট স্পূনফুল = (ʒii) দুই ড্রাম।
১ টেবল স্পূনফুল = (ʒiv) চারি ড্রাম।

* পূর্ব্বে ১৬ আউন্সে ১ পিণ্ট হইত।

PART II. Laboratory and its Utensils.

দ্বিতীয় অধ্যায়।—ভৈষজ্য-গৃহ ও তাহার পাত্রাদি।

LABORATORY.

The Room in which you keep and prepare your Homœopathic medicines must be light, airy, dry, and perfectly clean, and should be protected from sun-light, smoke, dust, strong or fetid odours, damp, bright light &c. The temperature of the room should be *moderately* comfortable, as too much heat, as well as too much cold, is injurious. Too much cold either makes the Mother-tinctures of a large number of drugs turbid with a muddy sediment, or crystallizes them.

Furniture, fittings &c. of the room, should be made from odourless well-seasoned wood.

From the time that the medicinal substances are collected until they are converted into the pharmaceutical preparations, they should be carefully preserved from damp, dust, strong odours, and light, and from contact with other drugs.

Always keep strong-smelling substances or strong tinctures in

যে গৃহে হোমিওপ্যাথিক ঔষধ রাখিবে অথবা প্রস্তুত করিবে, তাহা যেন বেশ শুষ্ক সুপরিষ্কৃত অন্ধকার-বিহীন হয়, তাহাতে যেন বায়ু সঞ্চালনের ভালরূপ সুবিধা থাকে; কিন্তু রৌদ্র, ধূম, ধূলিকণা, ঝাঁঝাল গন্ধবিশিষ্ট বা দুর্গন্ধবিশিষ্ট কোন দ্রব্য, অথবা তীক্ষ্ণ আলোক যেন তন্মধ্যে প্রবেশ করিতে না পারে; এবং ঐ গৃহ যেন কোন মতেই আর্দ্র না হয়। উক্ত গৃহের তাপ যেন অত্যন্ত অধিক বা অল্প না হয়; যেহেতু অধিক উত্তাপ বা অধিক শৈত্য উভয়ই ক্ষতিজনক। গৃহ অধিক শীতল হইলে বহুসংখ্যক ঔষধের মূল অরিষ্ট এক প্রকার কর্দ্দমবৎ পদার্থ জমিয়া আরকের নির্ম্মলতা নষ্ট করে, অথবা তাহার দানাদারতাপাদন করেন।

ঔষধগৃহের আসবাব গুলি যেন সর্ব্বপ্রকার গন্ধবিহীন সুপুরাতন কাষ্ঠে নির্ম্মিত হয়।

ঔষধ প্রস্তুত করণার্থ গাছগাছড়া ও অপর যে কোন পদার্থ সংগ্রহ করিবে, ঔষধ প্রস্তুত করণ কাল পর্য্যন্ত, তৎসমুদয়কে আর্দ্রতা, ধূলি-কণা, তীব্র গন্ধ, আলোক, ও অন্যান্য ঔষধের সংস্রব হইতে অতি সাবধানে রক্ষা করিবে।

তীব্রগন্ধবিশিষ্ট পদার্থ সকল এবং তীক্ষ্ণ আরক সমূহ, কাচের ছিপিযুক্ত

Measure Glasses. These should be properly graduated, and used for measuring liquid vehicles (distilled water, alcohol &c.). *Never use measure-glasses for measuring drugs*, unless you can afford to keep a separate measure-glass for each dilution of every drug.

Mortars. These are made from iron, porcelain, and Wedgewood. For *pulverising* very *hard* substances, use highly polished *iron-mortars and pestles*, and keep them perfectly free from rust, because rust decomposes many vegetable juices at once. For *triturating* purposes, use mortars and pestles of *porcelain* (the inside of the mortar and the face of the pestle should be ground or unglazed), or of *Wedgewood.*

Pharmaceutists must always keep a separate mortar for each drug with the name of the drug marked on each mortar.

Homœopathic Practitioners must keep at least 3 mortars :— one of *porcelain* for triturating drugs having strong smell, the *second* for mercurials, and the *third* for all other drugs. But if you keep only one mortar for all medicines, clean it (immediately after use) with hot and cold water,

পরিমাপক গ্ল্যাস। পরিমাপক গ্ল্যাস যেন ক্রমিক চিহ্নে ঠিক চিহ্নিত থাকে। পরিস্রুত জল অথবা সুরাসার পরিমাণ কালেই ইহা ব্যবহৃত হয়। ঔষধ পরিমাণার্থ ইহা ব্যবহার করা কদাচ বৈধ নহে।

খল বা হামামদিস্তা। ইহা লৌহ, চিনা-কাচ বা ওয়েজউড্ নির্ম্মিত হইয়া থাকে। অত্যন্ত কঠিন দ্রব্য চূর্ণ করিতে হইলে উত্তমরূপে পালিশ করা লৌহের হামামদিস্তা ব্যবহার করিবে। লৌহের হামামদিস্তায় যেন অণুমাত্র মরিচা না পড়ে। বিচূর্ণ প্রস্তুত করিতে হইলে, চিনা-কাচ, বা ওয়েজউড্ নির্ম্মিত খল ব্যবহারই বৈধ।

প্রত্যেক ঔষধের জন্য ডাক্তারখানায় স্বতন্ত্র স্বতন্ত্র খল রাখা উচিত। যে হামামদিস্তা যে ঔষধের জন্য ব্যবহৃত হইবে, তাহাতে যেন সেই ঔষধের নাম অঙ্কিত থাকে।

হোমিওপ্যাথিক্ চিকিৎসকদিগের অন্ততঃ তিনটী খল রাখা কর্ত্তব্য। (১) একটী চিনা-কাচের খল; ইহা তীব্র গন্ধ বিশিষ্ট ঔষধ চূর্ণ করিবার জন্য। (২) একটী পারদ সংক্রান্ত ঔষধের জন্য। (৩) অপরটী অন্যান্য ঔষধের জন্য। কিন্তু যদি সকল ঔষধের জন্য একটী মাত্র খল ব্যবহার করিতে হয়, প্রত্যেকবার ব্যবহারের পরে উষ্ণ ও শীতল জল, বালি ও ব্রুশ দ্বারা উহা প্রক্ষালিত ও পরিষ্কৃত করা কর্ত্তব্য।

sand and brush, and (in cases of mercurial preparations &c.) with nitric acid.

Presses. These are used for squeezing plants, seeds &c. The press should be so constructed, that you can easily separate its several parts, and cleanse them thoroughly.

The plants, seeds &c. to be pressed, are enclosed in a new clean linen bag (free from starch or bleaching materials), and then subjected to the action of the screw-press, and the juice runs into a suitable vessel below. The one and the same bag should never be used for two distinct drugs.

Sieves. These should be made of hair or of silk—the *hair-sieves* for the coarser powders (in making tinctures), the *silk-sieves* for the finer powders (in making triturations). Never use the sieves for sugar-of-milk to sift other substances.

Spatulas and Spoons. These should be of horn, or of bone, or of porcelain.

Funnels. These should be of porcelain or of glass, and not of metals.

Chopping Boards. These

পারদ সংক্রান্ত কোন কোন ঔষধের জন্য ব্যবহৃত হইলে নাইট্রিক এসিড দ্বারা ধৌত করিবে।

প্রেস বা চাপ যন্ত্র। এই যন্ত্র দ্বারা উদ্ভিদের রস নিষ্কাশিত হইয়া থাকে। এই যন্ত্র এরূপে নির্ম্মিত হওয়া আবশ্যক, যেন তাহার প্রত্যেক অংশ পৃথক্ করিয়া খোলা ও পরিষ্কার করা যায়।

যে সকল উদ্ভিদ্ বা বীজ হইতে রস বাহির করিতে হইবে, তৎসমুদয় পরিষ্কার নূতন সূত্র বস্ত্রে রাখিয়া চাপযন্ত্রে স্থাপন করিবে; রস বাহির হইয়া যন্ত্রনিম্নস্থ একটী উপযুক্ত পাত্রে পড়িতে থাকে। একটী ঔষধের জন্য যে বস্ত্র ব্যবহৃত হইবে, তাহা যেন অপর ঔষধের জন্য কদাচ ব্যবহৃত না হয়।

চালনি। চালনি কেশ ও রেশম নির্ম্মিত হওয়া আবশ্যক। আরক প্রস্তুতকালে নাতিসূক্ষ্ম চূর্ণের জন্য কেশ নির্ম্মিত চালনির প্রয়োজন হয়; সূক্ষ্ম চূর্ণের জন্য রেশম নির্ম্মিত চালনি ব্যবহৃত হইয়া থাকে। দুগ্ধ শর্করার চালনি অন্যান্য পদার্থের জন্য কদাচ ব্যবহার করা বৈধ নহে।

স্প্যাটুলা ও চামচ। শৃঙ্গ, অস্থি ও চিনা মাটী নির্ম্মিত স্প্যাটুলা ও চামচ ব্যবহার করাই শ্রেয়ঃ।

ফনেল। ইহা চিনামাটী বা কাচ নির্ম্মিত হওয়া আবশ্যক, কখনই যেন ধাতুনির্ম্মিত না হয়।

চপিং বোর্ড্। বহু পুরাতন, দৃঢ়,

should be made of well-seasoned maple sound, and free from knots.

ও সন্ধি বিহীন, ম্যাপল কাষ্ঠ নির্ম্মিত চপিং বোর্ড ব্যবহার করাই বিধি।

Chopping Knives. These are used for cutting up plants. They should be made of good steel. Always keep them well-polished free from rust, as rust decomposes many vegetable juices at once.

ছুরিকা। উদ্ভিজ্জাদি কাটিতে হইলে ছুরিকার আবশ্যক। উত্তম ইস্পাতে ইহা নির্ম্মিত হওয়া আবশ্যক। ইহা সর্ব্বদা উত্তমরূপে পালিশ করিয়া রাখা কর্ত্তব্য, যেহেতু মরিচা পড়িলে ঐ মরিচা উদ্ভিজ্জ রসকে একেবারে বিশ্লিষ্ট করিয়া ফেলে।

HOW TO CLEANSE THE UTENSILS.

Thoroughly cleanse all utensils, even when you use them for the first time, and wash them again immediately after use.

পাত্রাদি পরিষ্কার করিবার পদ্ধতি।

সকল পাত্রই সম্পূর্ণরূপে পরিষ্কার করিবে। পাত্রাদি যখন সর্ব্বপ্রথম ব্যবহার করিবে, তখনও সুপরিষ্কৃত করিয়া লইবে; ব্যবহারান্তে পুনরায় ঐ সকল পরিষ্কৃত করিতে হয়।

Corks Always get your corks new from some reliable Homœopathic Dispensary. Wash them with distilled water in a hair sieve, then rinse them with dilute alcohol, and afterwards dry them thoroughly. Never use hot water or steam, as these ruin corks.

ছিপি। বিশ্বস্ত হোমিওপ্যাথিক ঔষধালয় হইতেই নূতন ছিপি লইবে। ঐ সকল ছিপি প্রথমে কেশ নির্ম্মিত চালনিতে পরিস্রুত জল দ্বারা ধৌত করিবে; তদনন্তর ডাইলিউট আলকোহল দ্বারা প্রক্ষালিত করিবে; অবশেষে উত্তমরূপে শুষ্ক করিয়া লইবে। উষ্ণ জল বা বাষ্প যেন ছিপিতে না লাগে, যেহেতু তদ্দারা ছিপি নষ্ট হইয়া যায়।

Porcelain Vessels, Mortars &c. Scald these with boiling water, use the brush with sand, and then thoroughly dry them at a high temperature.

চিনামাটির পাত্র, খল ইত্যাদি। বালি ও ব্রুশ দ্বারা এই সকল দ্রব্য উষ্ণ জলে ধৌতকরিবে; তদনন্তর প্রবল উত্তাপে শুষ্ক করিবে।

Phials and Glasses: Always get these new from some reliable Homœopathic dispensary. Remove the dust by shaking; wash several times with hot water, using phial-brush; then rinse them with distilled water; and after draining, dry them at a moderate temperature.

Never keep medicines in the phials or glasses that have been used for another drug or preparation.

Press. Take its several pieces apart, cleanse these most thoroughly with cold and hot water, and dry them well.

সিসি ও গ্লাশ। সিসি ও গ্লাশ কোন বিশ্বস্ত হোমিওপ্যাথিক ঔষধালয় হইতে ক্রয় করিবে। ধূলি প্রভৃতি সিসি ও গ্লাস হইতে ঝাড়িয়া লইবে। সিসি ধৌত করিবার ব্রুশ দ্বারা ঐ সকল সিসি ও গ্লাস উষ্ণ জলে কয়েক বার ধৌত করিবে। অবশেষে পরিস্রুত জলে প্রক্ষালন করিবে। এইরূপে ধৌত করিয়া সামান্য উত্তাপে শুষ্ক করিবে।

যে সিসি বা গ্লাসে কোন ঔষধ রাখা বা প্রস্তুত করা হইয়াছে, সেই সিসি বা গ্ল্যাসে উক্ত ঔষধের কোন ক্রম বা অন্য ঔষধ রাখিবে না, বা প্রস্তুত করিবে না।

চাপ যন্ত্র। ইহার ভিন্ন ভিন্ন অংশ পৃথক করিয়া শীতল ও উষ্ণ জলে প্রক্ষালন করতঃ শুষ্ক করিবে।

PART III. Drugs and their Vehicles.

তৃতীয় অধ্যায়।—ভেষজ ও ভেষজবহ।

VEHICLES.

Water, Sugar of Milk &c., are devoid of medicinal action, and drugs are administered in them. These are therefore called *vehicles of drugs* or *neutral substances.*

Vehicles are either *liquid* or *solid.* Distilled Water, Alcohol,

ভেষজবহ।

জল, দুগ্ধ-শর্করা ইত্যাদিতে ঔষধের কার্য্যকারিতা গুণ নাই; ঐ সকল বস্তু-সহযোগে ঔষধ প্রদত্ত হইয়া থাকে। তজ্জন্যই উহাদিগকে ভেষজবহ কহে।

ভেষজবহ দ্বিবিধ:—তরল ও কঠিন। পরিস্রুত জল, সুরাসার,

Ether &c. are *liquid* vehicles. Sugar of Milk, Globules and Pilules, and Tablets are *solid* vehicles.

ইথার ইত্যাদি তরল ভেষজবহ। দুগ্ধশর্করা, বটিকা, অণুবটিকা ও চাক্তি কঠিন ভেষজবহ।

I. LIQUID VEHICLES.

(i) Distilled Water, (ii) Alcohol, (iii) Ether, (iv) Glycerine, (v) Syrup.

১ম। তরল ভেষজবহ :—(১)

পরিস্রুত জল, (২) সুরাসার, (৩) ইথার, (৪) গ্লিসিরিন, (৫) সরবৎ।

(i) Distilled Water. (Aqua Destillata) H_2O.

We chiefly use it in diluting acids and in solving our triturations, salts, &c.

Always get your purest distilled water from some reliable Homœopathic dispensary, as the ordinary distilled water sold in Allopathic dispensaries, is generally prepared in stills used for distilling aromatic waters.

If preserved well, it will remain pure for years. "Amber-glass bottles are most suitable for preserving it"—B. H. P.

Preparation. Collect rain water after a storm has commenced, and purify it by means of distillation. This consists in boiling water, and then condensing the vapour by passing it through a tube which is kept cool by surrounding it with cold water.* Fill the distilled water at once into glass-stoppered bottles, before it be-

(১) পরিস্রুত জল। এসিডের ক্রম ও বিচূর্ণ দ্রব করিতে হইলে পরিস্রুত জল প্রধানতঃ ব্যবহৃত হয়। পরিস্রুত জল বিশ্বস্ত হোমিওপ্যাথিক ঔষধালয় হইতে আনয়ন করিবে, যেহেতু এলোপ্যাথিক ঔষধালয়ে সাধারণতঃ যে পরিস্রুত জল বিক্রীত হয়,তাহা যে যন্ত্রে প্রস্তুত হয় তাহা সুগন্ধ জল প্রভৃতি প্রস্তুতার্থও ব্যবহৃত হইয়া থাকে।

ভাল রূপে রাখিয়া দিলে পরিস্রুত জল কয়েক বৎসর নির্ম্মল থাকিতে পারে। "হরিদ্রাবর্ণ কাচের বোতলে রাখাই ভাল"—ব্রিঃ হোঃ ফাঃ।

প্রস্তুত প্রণালী। ঝটিকা আরম্ভের পরে বৃষ্টির জল ধরিয়া ঐ জল চোঁয়াইয়া বিশুদ্ধ করিয়া লইবে। যখন জল ফুটিতে থাকিবে, সেই সময়ে তাহার বাষ্প এমন একটী নলের মধ্য দিয়া যাইবে, যাহার চতুর্দ্দিকে শীতল জল থাকিবে। ঐ নলের মধ্য দিয়া যাইবার সময়ে ঐ বাষ্প জলে পরিণত হইবে। ঐ জল তৎক্ষণাৎ (অর্থাৎ বায়ুরাশিতে ভাসমান ধূলিকণা ও আবর্জ্জনাদির সহিত সংস্পৃষ্ট হইবার

---

* The apparatus used consists of 3 parts :—a *still* (which should be gold- or nickle-plated throughout), a *block-tin condenser,* and a *receiver* (or flask).

comes contaminated with dust, spores floating in the air, &c.

Tests. It has no colour, taste, or smell. If evaporated in a clean glass capsule, it will leave no residue. It is not affected by Nitrate of Silver, or Lime Water.

(ii) Alcohol. It is added to the juices of plants to make them keep. It is also used in making dilutions. Always preserve it in glassstoppered and capped bottles.

1. *Pure Alcohol.* Alcohol, entirely free from fusel oils (Amyl, Propyl &c.), and redistilled, and then reduced to a specific gravity of ·83 by adding distilled water (in the proportion of 7 parts of alcohol to 1 part of distilled water), is the Officinal Homœopathic Alcohol.

It is colourless, transparent, mobile, and inflammable, of a peculiar pleasant odour, and of a strong spirituous burning taste. Burns with a blue flame without smoke. When pure, it remains unchanged, if a few drops of the solution of Nitrate of Silver be

পূর্ব্বেই) কাচের ছিপি বিশিষ্ট বোতলে রাখিবে।

স্বরূপ ও পরীক্ষা। ইহার কোন প্রকার বর্ণ, আস্বাদন ও গন্ধ নাই। কাচ পাত্রে বাষ্পীভূত করিলে উহাতে কোন প্রকার দাগ পড়ে না। নাইট্রেট অফ্ সিলভার অথবা চুণের জল সহযোগে ইহার কোন অবস্থান্তর হয় না।

(২) সুরাসার। উদ্ভিজ্জরস যাহাতে নষ্ট হইয়া না যায়,তজ্জন্য সুরাসার মিশ্রিত করা হয়। ঔষধের ক্রম প্রস্তুত করিবার জন্যও সুরাসার ব্যবহৃত হইয়া থাকে। কাচের ছিপি যুক্ত বোতলেই সতত সুরাসার রাখা বৈধ।

ক। বিশুদ্ধ সুরাসার। যে সুরাসারে ফিউসেল অয়েল (এমিল, প্রপিল ইত্যাদি) নাই ও যাহা পুনঃ পরিস্রুত করা হইয়াছে, এবং যাহাতে পরিস্রুত জল মিশাইয়া (সাত ভাগ সুরাসার হইলে পরিস্রুত জলের পরিমাণ ১ ভাগ হইবে) উহার আপেক্ষিক গুরুত্ব হ্রাস করিয়া .৮৩. করা হইয়াছে, তাহাই হোমিওপ্যাথির অনুমোদিত সুরাসার নামে পরিচিত।

ইহা বর্ণহীন, অতি পরিষ্কার, সহজে দাহ্য, এক প্রকার সুখকর ঘ্রাণ বিশিষ্ট, আস্বাদ তীক্ষ্ণ, ও সুরার ন্যায় ঝাঁঝাল। ইহা জ্বালাইলে ধূমশূন্য নীলবর্ণ শিখা নির্গত হইয়া থাকে। যখন বিশুদ্ধ থাকে, তখন কয়েক বিন্দু

added to it and exposed to bright light.

নাইট্রেট অফ সিলভার মিশ্রিত করিয়া উজ্জ্বল আলোকে রাখিয়া দিলে ইহার কোন পরিবর্ত্তন ঘটে না।

The word "Alcohol" throughout this *Manual* is used for pure (officinal Homœopathic) alcohol.

এই পুস্তকে "সুরাসার" বা "আলকোহল" শব্দ বিশুদ্ধ হোমিওপ্যাথির অনুমোদিত সুরাসার অর্থেই ব্যবহৃত হইয়াছে।

Alcohol of A. H. P. is the same as *Strong Alcohol* of G. H. P. Where neither of them is available, you may use *Rectified Spirit of first quality 60° over proof* (re-distilled according to B. H. P.) in making dilutions.

আঃ হোঃ ফাঃর আলকোহল ও জাঃ হোঃ ফাঃর ষ্ট্রং আলকোহল (বা তীব্র সুরাসার) একই বস্তু। যথায় এই দুই প্রকার আলকোহলই দুষ্প্রাপ্য, তথায় ব্রিঃ হোঃ ফাঃ অনুসারে ৬০ ডিগ্রী ওভার প্রুফ রেক্টিফায়েড স্পিরিট দ্বারা ক্রম প্রস্তুত করিবে।

2. *Dilute Alcohol.* Specific gravity ·89. It consists of alcohol 7 parts, and distilled water 3 parts.

খ। ডাইলিউট আলকোহল বা পরিস্রুত সুরাসার। আপেক্ষিকগুরুত্ব ·৮৯। সাতভাগ সুরাসার ও তিনভাগ পরিস্রুত জলে ডাইলিউট আলকোহল প্রস্তুত হয়।

(iii) Ether. $C_4H_{10}O$. A colourless volatile and inflammable liquid. Always keep it in capped and well-stoppered bottles in a cool place. Ethereal tinctures of a number of remedies are far superior to those of alcohol. Ether deserves to be largely employed.

(৩) **ইথার**। ইহা বর্ণহীন, সহজদাহ্য তরল পদার্থ; ইহা শীঘ্র বোতল হইতে উপিয়া যায়। সুতরাং বোতলে ভালরূপে বন্ধ করিয়া শীতল স্থানে রাখিয়া দিবে। সুরাসার সহযোগে যে সকল আরক প্রস্তুত হয়, তৎসমুদয় অপেক্ষা ইথারসহ আরক অনেকাংশে শ্রেষ্ঠ।

The two following additional vehicles—Glycerine and Syrup—are mentioned in B. H. P.

ব্রিঃ হোঃ ফাঃতে নিম্নলিখিত দুইটী তরল ভেষজবহেরও উল্লেখ আছে।

(iv) Glycerine. $C_3H_8O_3$. (Specific gravity 1·25).

(৪) গ্লিসিরিণ। আপেক্ষিক গুরুত্ব ১.২৫।

It is a sweet, clear, colourless fluid,

ইহা মিষ্ট, পরিষ্কার, বর্ণহীন তরল

oily to the touch, and without odour. It is obtained by reaction of fats and fixed oils with aqueous fluids, and containing 5 per cent. of water. This is required for preserving some animal poisons. "It is antiseptic—1 part to 10 water, preserving animal substances equal to spirit," says Dr. Squire.

পদার্থ। স্পর্শ তৈলাক্ত, ইহার কোন গন্ধ নাই। ইহাতে শতকরা ৫ ভাগ জল থাকে। জান্তব বিষ বিশুদ্ধাবস্থায় রাখিতে হইলে ইহার প্রয়োজন হয়। ইহা পচা-নিবারক।

(v) Syrup. Prepared thus:— Dissolve 5lbs of the refined sugar in 2 pints of distilled water with the aid of heat; and, when cool, add as much distilled water as would make the weight of the product 7½ lbs. Sp. gr. should be 1·33

(৫) সিরপ বা সরবৎ। ছই পাইণ্ট পরিস্রুত জলে ৫ পাউণ্ড লোফ্ সুগার বা পরিষ্কার চিনি উত্তাপ যোগে দ্রবও মিশ্রিত করিয়া লও। শীতল হইলে, উহাতে আরও পরিস্রুত জল মিশ্রিত কর, যেন এই মিশ্রের ওজন ৭৷৹ পাউণ্ড হয়।

II. SOLID VEHICLES:—

২য়। কঠিন ভেষজবহ :—

(i) Sugar of Milk, (ii) Globules and Pilules, (iii) Tablets.

(i) দুগ্ধশর্করা, (ii) অণুবটিকা ও বটিকা, (iii) ট্যাব্লেট্ বা চাক্তি।

(i) Sugar of Milk (Lactose or Saccharum Lactis), $C_{12}H_{22}O_{11} + H_2O$. It is a crystalline Sugar, scentless, gritty to the touch, and faintly sweet. It is used in making our Triturations and Tincture-Triturations It is also used as a dietetic article.

(১) দুগ্ধশর্করা। ইহা ঈষৎ মিষ্ট, কর্কশ-স্পর্শ, গন্ধবিহীন, ভাস্বর শর্করা। বিচূর্ণ প্রস্তুত কালে, এবং আরক মিশ্রিত চূর্ণ প্রস্তুত কালে ইহা ব্যবহৃত হয়; রোগীর পথ্যরূপেও ইহা ব্যবহৃত হইয়া থাকে।

Always get your Sugar of Milk from some reliable Homoeopathic dispensary, and keep it in a dry, cool place in well-closed glass-jars. It is prepared from the whey of

বিশুদ্ধ হোমিওপ্যাথিক ঔষধালয় হইতে দুগ্ধশর্করা আনয়ন করিবে, এবং উহা সুপরিষ্কৃত কাচের বোতলে শুষ্ক শীতল স্থানে রাখিয়া দিবে।

সুইজার্লণ্ড দেশীয় ছাগলের দুগ্ধ

In potentizing, two Scales are used :—Decimal and Centesimal Scales.

The Decimal Scale, introduced by Dr. Herring, is based on the principle that the first potency should contain one-tenth part of the original drug, and each succeeding potency should contain one-tenth part of the one preceding it.

The Decimal potency is denoted by affixing an x after numerals, as Apis 1x, Apis 3x, denote the 1st and 3rd decimal potencies. of Apis.

In preparing the 1st decimal potency, the quantity of the original drug and the vehicle should be proportioned in such a way that 1x dilution should represent $\frac{1}{10}$ of the original drug (see Formulæ)

The Centesimal Scale, introduced by the Founder of Homœopathy, is based on the principle that the 1st potency should contain one-hundredth part of the original drug, and each succeeding potency should contain one-hundredth part of the one preced ing it. The Centesimal Scale is denoted by simply affixing the numerals after the name of a drug, as Apis 1, Apis 3, denote the 1st

ভিন্ন ভিন্ন ক্রম প্রস্তুত করিবার সময়ে দুইপ্রকার রীতি ব্যবহৃত হইয়া থাকে ;—দশমিক রীতি ও শততমিক রীতি।

দশমিক রীতি। ডাক্তার হেরিং কর্ত্তৃক দশমিক রীতি প্রবর্ত্তিত হইয়াছে। প্রথম ক্রমের ঔষধে, দশ ভাগের এক ভাগ মূল ঔষধ থাকে ; পরবর্ত্তী প্রত্যেক ক্রমের ঔষধে, দশভাগের একভাগ তৎপূর্ব্ববর্ত্তী ক্রমের ঔষধ থাকে।

দশমিক রীতি প্রকাশক চিহ্ন × সংখ্যার পরে ব্যবহৃত হয় ; যথা, এপিস ১×, এপিস ৩× দ্বারা "এপিস" ঔষধের ১ম ও ৩য় দশমিক ক্রম ব্যক্ত হইতেছে।

প্রথম দশমিক ক্রম প্রস্তুত কালে, মূল ঔষধ ও তরল ভেষজবহ এরূপ পরিমাণে মিশ্রিত করিতে হইবে, যেন প্রথম দশমিক ক্রমে ঔষধের দশভাগের একভাগ মূল ঔষধ হয়। (প্রক্রিয়া মালা দেখ।)

শততমিক রীতি। শততমিক রীতি, হোমিওপ্যাথি চিকিৎসার প্রবর্ত্তক কর্ত্তৃক প্রবর্ত্তিত। শততমিক রীতির প্রথম ক্রমের ঔষধে, একশত ভাগের একভাগ মূল ঔষধ থাকিবে ; এবং পরবর্ত্তী প্রত্যেক ক্রমের ঔষধে, শতভাগের এক ভাগ তৎপূর্ব্ববর্ত্তী ক্রমের ঔষধ থাকিবে।

শততমিক রীতি বিজ্ঞাপন করিতে হইলে ঔষধের নামের পরে কেবল সংখ্যা ব্যবহার করিলেই চলিবে। যথা এপিস ১, এপিস ৩ এতদুভয়

and the 3rd centesimal potencies of Apis.

In preparing the 1st centesimal potency, the quantity of the original drug and the vehicle should be proportioned in such a way that the 1st centesimal potency should represent $\frac{1}{100}$ of the original drug (see Formulæ)

HOW TO PREPARE MOTHER-TINCTURES OF DRUGS.

Mother Tinctures are Tinctures made from plants (or parts of a plant—root, bark, leaves &c.) The juice of plants contains all the active powers of a drug, and are therefore always considered the original drug or Mother-Tincture. The alcohol is added only to make the preparation keep.

Vegetable and animal substances that are prepared in the form of Tinctures may be divided, according to their mode of preparation, into the following four classes :—

[The first three classes treat of *fresh* plants; and the fourth, of animals and of *dried* plants.]

Class I. It includes mostly European plants which contain *a large quantity of juice.* The tincture is prepared with equal parts by weight of juice and alcohol.

দ্বারা এপিস ঔষধের ১ম ও ৩য় শত-তমিক ক্রম ব্যক্ত হইতেছে।

শততমিক ক্রমের প্রথম ক্রম প্রস্তুতকালে মূল ঔষধ ও তরল ভেষজবহ এরূপ পরিমাণে মিশ্রিত করিতে হইবে, যেন শততমিক ক্রমের ঔষধে শতভাগের একভাগ মূল ঔষধ থাকে। (প্রক্রিয়া দেখ; পৃষ্ঠা)।

মূল অরিষ্ট প্রস্তুত করিবার প্রণালী।

গাছ গাছড়া (বা গাছ গাছড়ার অংশ—মূল, ছাল ও পত্রাদি) হইতে যে আরক প্রস্তুত হয় তাহাকে মূল আরক কহে। গাছ গাছড়ার রসে ঔষধের সমগ্র কার্য্যকারী গুণ বিদ্যমান থাকে; সেই জন্য উহাকে মূল অরিষ্ট কহে। ঐ রস দীর্ঘকাল সুরক্ষিত রাখিবার জন্য উহাতে সুরাসার মিশ্রিত করা হয়।

যে সকল উদ্ভিদ ও জান্তব পদার্থ হইতে অরিষ্ট প্রস্তুত হইয়া থাকে, অরিষ্টের প্রস্তুত প্রণালী ভেদে তৎসমুদয় চারি শ্রেণীতে বিভক্ত হইতে পারে।

[টাটকা গাছ গাছড়া প্রথম তিন শ্রেণীর অন্তর্ভূত; জান্তব পদার্থ ও শুষ্ক গাছ গাছড়া চতুর্থ শ্রেণীর অন্তর্ভূত।]

প্রথম শ্রেণী। যে সকল ইয়োরোপীয় গাছ গাছড়ায় প্রচুর পরিমাণে রস আছে, তৎসমুদয়ের অধিকাংশই প্রথম শ্রেণীর অন্তর্নিবিষ্ট। সম পরিমাণ উদ্ভিজ্জ রস ও সুরাসার মিশ্রিত করিয়া আরক প্রস্তুত হইয়া থাকে।

Process. Cut your fresh plant (or part of a plant—root, bark, leaves &c.) into small pieces with a well-polished (free from rust) steel knife on a clean chopping board. Pound these chops to a pulp in a Wedgewood mortar. Enclose the pulp in a piece of new linen cloth, and express the juice by wringing the cloth (or, better, by means of a press.) Weigh the expressed juice, pour it in a glass-jar, add to it an equal weight of alcohol, and stir the mixture briskly. Let the mixture remain well-stoppered for a week in a dark, cool place. Then pour off, strain, filter, bottle, and label it ϕ.

প্রণালী। টাটকা গাছ গাছড়া (অথবা, গাছের অংশ—মূল, বকল ও পত্রাদি) পরিষ্কৃত চপিং বোর্ডে রাখিয়া ইস্পাত নির্ম্মিত ছুরী দ্বারা খণ্ড খণ্ড করিয়া কাটিবে। উক্ত খণ্ড সকল একটী ওয়েজউড নির্ম্মিত খলে রাখিয়া মণ্ড করিবে। ঐ চূর্ণ নূতন সূত্রবস্ত্রে পুরিয়া নিংড়াইয়া অথবা যন্ত্রসহযোগে নিষ্পেষিত করিয়া রস বাহির করিয়া লইবে। ঐ নিষ্কাশিত রস ওজন করিয়া বোতলে বা কোন কাচপাত্রে পুরিয়া রাখিবে। উক্ত রসে সমপরিমাণে সুরাসার মিশ্রিত করিয়া ঐ মিশ্র ঘন ঘন নাড়িবে। ঐ মিশ্র যে বোতলে রাখা হইবে, তাহার মুখ উত্তমরূপে বন্ধ করিয়া শীতল অন্ধকারময় স্থানে সপ্তাহকাল রাখিয়া দিবে। সপ্তাহকাল পরে ঐ মিশ্র ছাঁকিয়া বোতলে পুরিয়া ϕ লেবেল লাগাইয়া রাখিবে।

Amount of drugp-ower=$\frac{1}{2}$.

মূল ঔষধের শক্তি = $\frac{1}{2}$।

Class II. It includes also mostly European plants but which contain a *small quantity* of juice. The tincture is extracted by means of alcohol (the weight of which should be $\frac{2}{3}$ the weight of the plant).

দ্বিতীয় শ্রেণী। যে সকল ইয়োরোপীয় গাছ গাছড়ায় অল্প পরিমাণ রস তৎসমুদয়ের অধিকাংশই দ্বিতীয় শ্রেণীর অন্তর্নিবিষ্ট। সুরাসার দ্বারা আরক বাহির করিতে হয়। ঐ আরকের ওজন গাছ গাছড়ার ওজনের $\frac{2}{3}$ অংশ হইবে।

Process. Chop your fresh plant (or part of a plant—root, bark, leaves &c.) finely as in the Process under Class I. Weigh these chops, and take $\frac{2}{3}$ their weight of alcohol. Moisten the chops in a glass-jar with as much of alcohol as is necessary to bring the mass to a thick pulp, and stir it well. Add the rest of the alcohol, mix the whole well together, and strain or press through a piece of new linen cloth. Let the mixture remain well stoppered for a

প্রণালী। প্রথম শ্রেণীর ন্যায় টাটকা গাছ গাছড়া(বা গাছের অংশ—মূল,বকল ও পত্রাদি) সূক্ষ্ম রূপে খণ্ড খণ্ড করিবে। ঐ সকল গাছ গাছড়ার খণ্ড ওজন করিয়া, ঐ পরিমাণের $\frac{2}{3}$ অংশ সুরাসার গ্রহণ করিবে। একটী কাচ পাত্রে উল্লিখিত খণ্ড সকল স্থাপনপূর্ব্বক প্রয়োজনানুরূপ সুরাসার দ্বারা মণ্ড প্রস্তুত করিবে। ঐ সুরাসার দ্বারা আর্দ্রীকৃত খণ্ড সকল উত্তম রূপে নাড়িয়া লইবে। অবশেষে অবশিষ্ট সুরাসারটুকুও উহার সহিত উত্তম রূপে মিশ্রিত করিবে। ঐ মণ্ড নূতন সূত্রবস্ত্রে পুরিয়া নিংড়াইয়া ঐ রস বোতলে

week in a dark cool place. Then pour off, strain, filter, bottle, and label it ϕ.

Amount of drug power $= \frac{1}{3}$.

রাখিয়া বোতলের মুখ উত্তমরূপে বন্ধ করিয়া সপ্তাহকাল শীতল অন্ধকারময় স্থানে রাখিয়া দিবে। তদনন্তর উহা ছাঁকিয়া বোতলে পুরিয়া বোতলের গায়ে ϕ লেবেল লাগাইয়া দিবে।

মূল অরিষ্টের শক্তি $= \frac{1}{2}$।

Class III. It includes all the American and some of the European plants. The tincture is prepared with double their weight of alcohol.

তৃতীয় শ্রেণী। আমেরিকার সমস্ত উদ্ভিদ ও ইয়োরোপের কতিপয় উদ্ভিদ তৃতীয় শ্রেণীর অন্তর্ভূত। গাছ গাছড়ার দ্বিগুণ ওজন সুরাসার দ্বারা আরক প্রস্তুত হইয়া থাকে।

Process. Chop and pound your fresh plant (or part of a plant—root, bark, leaves &c.) to a pulp as in the Process under Class I. Weigh it and take double its weight of alcohol. Thoroughly mix the pulp with $\frac{1}{6}$ of the alcohol, in a glass jar, then add the remainder (*i. e* $\frac{5}{6}$) of the alcohol left, and stir, the whole. Let the mixture remain well stoppered for a fortnight in a dark cool place. Then pour off, strain, filter, bottle, and label it ϕ.

Amount of drug power $= \frac{1}{3}$.

প্রণালী। প্রথম শ্রেণীর অন্তর্নিবিষ্ট গাছ গাছড়ার ন্যায় এই শ্রেণীর টাটকা গাছ গাছড়া (বা গাছের অংশ—মূল, বল্কল ও পত্রাদি) পূর্ব্বানুরূপ সূক্ষ্মরূপে খণ্ড খণ্ড করিবে। ঐ সকল খণ্ড ওজন করিয়া তাহার দ্বিগুণ পরিমাণ সুরাসার গ্রহণ কর। উল্লিখিত খণ্ড সকল একটি কাচপাত্রে স্থাপন পূর্ব্বক তাহাতে গৃহীত সুরাসারের ষষ্ঠাংশ মিশাইয়া মণ্ড প্রস্তুত করিবে; তদন্তর অবশিষ্ট অর্থাৎ $\frac{5}{6}$ অংশ সুরাসার উহাতে ঢালিয়া উত্তমরূপে নাড়িয়া লও। ঐ মিশ্র একটি বোতলে রাখিয়া বোতলের মুখ উত্তমরূপে বন্ধ করতঃ একপক্ষ কাল শীতল অন্ধকারময় স্থানে রাখিয়া দিবে। অবশেষে ঐ মিশ্র ঢালিয়া ছাঁকিয়া বোতলে পুরিয়া বোতলের গায়ে ϕ লেবেল লাগাইয়া দিবে।

মূল অরিষ্টের শক্তি $= \frac{1}{3}$

Class IV. It includes *dried* plants and *fresh* or *dried* animal. The tincture is prepared with 5 times their weight of alcohol.

চতুর্থ শ্রেণী। শুষ্ক উদ্ভিদ্ ও টাটকা শুষ্ক জান্তব পদার্থ চতুর্থ শ্রেণীর অন্তর্নিবিষ্ট। যে পরিমাণ পদার্থ লইয়া ঔষধ প্রস্তুত করিতে হইবে, তাহার ৫ গুণ সুরাসার সহ-যোগে আরক প্রস্তুত হইয়া থাকে।

Process. ***Pulverise*** the substances if

প্রণালী। উদ্ভিদ ও জান্তব পদার্থ শুষ্ক

it be *dried*, and *pound* it to a pulp if it be *fresh*. Weigh and pour over it 5 times its weight of alcohol Let the mixture remain well stoppered for a fort night in a dark cool place, shaking it twice a day. Then pour off, strain, filter, bottle and label it ϕ.

Amount of drug power of $\phi = \frac{1}{10}$.

HOW TO POTENTIZE DRUGS.

For convenient reference we divide this chapter into 3 parts :—

I. How to make Dilutions.

II. How to make Triturations.

III How to convert Triturations into Dilutions.

I. HOW TO MAKE DILUTIONS. Read the article on "Laboratory" and proceed as follows :—

On the Decimal Scale. Take a round phial perfectly clean and new, fit a good new cork into it; mark the name of the drug with 1x (dilution) on the cork. Remove the cork from the phial. Consult the drug (you want to dilute) in the *Alphabetical list of Remedies* (Pp. 1—121) and ascertain the specified Formula according to

হইলে চূর্ণ করিয়া, টাটকা হইলে মণ্ড করিয়া লইবে। উহা ওজন করিয়া উহার ৫ গুণ ওজনে সুরাসার তদুপরি ঢালিয়া দাও। ঐ মিশ্র প্রস্তুত হইলে বোতলে করিয়া বোতলের মুখ উত্তমরূপে বন্ধ করতঃ এক পক্ষ কাল শীতল অন্ধকারময় স্থানে রাখিয়া দিবে। দিবসের মধ্যে দুইবার করিয়া ঐ বোতল নাড়িবে অবশেষে ঐ মিশ্র ঢালিয়া ছাঁকিয়া বোতলে পুরিয়া বোতলের গায়ে ϕ লেবেল লাগাইয়া দিবে।

মূল ঔষধের শক্তি $= \frac{১}{১০}$

ঔষধের ভিন্ন ভিন্ন ক্রম করিবার পদ্ধতি।

সুবিধার জন্য এই পরিচ্ছেদ তিন অংশে বিভাগ করা যাইতেছে।

(১ম) ক্রম প্রস্তুত করিবার প্রণালী।

(২য়) বিচূর্ণ প্রস্তুত করিবার প্রণালী।

(৩য়) বিচূর্ণ ক্রমে পরিণত করিবার প্রণালী।

ক্রম প্রস্তুত করিবার প্রণালী।

"হোমিওপ্যাথিক ঔষধালয়" শীর্ষক প্রবন্ধ পাঠ করিয়া পরবর্ত্তী প্রণালীর অনুসরণ করিবে।

দশমিক রীতি অনুসারে।

একটী গোল নূতন সুপরিষ্কৃত সিসিতে একটী উৎকৃষ্ট নূতন ছিপি আঁটিয়া দাও। ঐ ছিপির উপরে ঔষধের নাম ও ১× ক্রমচিহ্ন লেখ। তদনন্তর সিসি হইতে ছিপি খুলিয়া লও। যে ঔষধের ক্রম প্রস্তুত করিতে হইবে, ঔষধের ধারাবাহিক তালিকা দেখিয়া সেই ঔষধের ক্রম প্রস্তুত

which the Dilution is to be made. In accordance with the directions under the specified Formula (see Formulæ), pour the exact proportion of the drug into the phial, and then add the liquid vehicle required, taking care that ⅓ of the phial remains vacant. Fit the cork (marked 1 ×) again into the phial. Grasp the phial in the right hand with the thumb held firmly over the cork, and shake it with ten powerful downward strokes of the arm letting each stroke terminate in a jerk by striking the closed right hand against the open palm of the left hand. The 1 × Dilution is now ready. Mark the name of the drug with 1 × (Potency) on the phial.

In making the second and all succeeding dilutions, add 1 part of the preceding dilution to 9 parts of the vehicle, and shake the phial as directed above.

Dr. Ashwell recommends to keep all the Dilutions in glass-stoppered phials.

On the Centesimal Scale. Take a round phial pefectly clean and new, fit a good new cork into it, mark the name of drug with 1 (Centesimal) on the cork. Remove the cork from the phial. Cousult the the drug (you want to dilute) in the "Alphabetical List of Remedies" in the *Manual* (Pp. 1—121) and as-

করিবার প্রক্রিয়া নির্দ্ধারণ কর। ঐ প্রক্রিয়ানুসারে যথা পরিমাণ ঔষধ সিসির ভিতরে ঢাল ও প্রয়োজনমত তরল ভেষজবহ বোতলে পুরিলেও যেন বোতলের ⅓ অংশ খালি থাকে।

১ × চিহ্নিত ছিপি পুনরায় সিসিতে লাগাইয়া দক্ষিণ হস্তে সিসিটি ধারণ পূর্ব্বক বৃদ্ধাঙ্গুলি দ্বারা ছিপি চাপিয়া জোরে জোরে নিম্নমুখে সিসিটী নাড়িতে থাক। প্রত্যেক বার নাড়িবার সময় বাম করতল পাতিয়া সিসিটী এরূপ নাড়িবে, যেন দক্ষিণ হস্ত বাম করতলে আসিয়া ঠেকে। প্রথম ক্রমের ঔষধ এইরূপে প্রস্তুত হইল। সিসির গাত্রে ১ × ক্রম চিহ্নযুক্ত ঔষধের নাম লিখিত লেবেল লাগাইয়া দিবে।

দ্বিতীয় ও পরবর্ত্তী ক্রমের ঔষধ প্রস্তুত করিতে হইলে এক অংশ পূর্ব্ববর্ত্তী ক্রমের ঔষধ ও নয় অংশ আবশ্যকীয় ভেষজবহ মিশ্রিত করতঃ পূর্ব্বোল্লিখিত প্রণালী অনুসারে সিসিটী নাড়িয়া লও।

ডাঃ আশওয়েলের মতে সকল ক্রমই কাচের ছিপিযুক্ত শিশিতে রাখা শ্রেয়ঃ।

শততমিক রীতি অনুসারে ক্রম প্রস্তুত করিবার প্রণালী।

[ঔষধগৃহ সম্বন্ধীয় প্রস্তাব পাঠ কর।]

একটী গোল সুপরিষ্কৃত নূতন সিসি লইয়া একটী উৎকৃষ্ট নূতন ছিপি উহার মুখে আঁটিয়া দাও ছিপির উপরে ১ (শততমিক) চিহ্নযুক্ত ঔষধের নাম

certain the specified Formula according to which the Dilution is to be made. In accordance with the Specified Formula (see Formulæ) pour the exact proportion of the drug into the phial, and then add the liquid vehicle required, taking care that ⅓ of the phial remains vacant. Fit the cork (marked 1 ||||) again into the phial. Grasp the phial in the right hand with the thumb held firmly over the cork, and shake it with ten powerful downward strokes of the arm, letting each stroke terminate in a jerk by striking the closed right hand againt the open palm of the left hand. The 1st Dilution is now ready. Mark the name of the drug with 1st dilution on the phial.

In making the second and all succeeding dilutions, add 1 part of the preceding dilution to 99 parts of the vehicle, and shake the phial as directed above.

Dr. Ashwell recommends to keep all the Dilutions in glass-stoppered phials.

HOW TO MAKE TRITURATIONS.

The process of trituration should be carried on in a warm and dry atmosphere; the appara-

লেখ। পরে ছিপি খুলিয়া লও। এই পুস্তকে ঔষধের ধারাবাহিক নামের তালিকাতে ঔষধ সম্বন্ধীয় বিবরণ পাঠ কর ও যে নির্দ্দিষ্ট প্রক্রিয়ানুসারে ঔষধের ক্রম প্রস্তুত করিতে হইবে, তাহা নির্দ্ধারণ কর। নির্দ্দিষ্ট প্রক্রিয়ানুসারে যথাপরিমাণ ঔষধ সিসিতে পুরিয়া তাহাতে আবশ্যকীয় তরল ভেষজবহ মিশ্রিত কর। ঐ সিসির যেন ⅓ অংশ খালি থাকে। ১ চিহ্নিত ছিপি পুনরায় সিসিতে লাগাইয়া দাও। তদনন্তর দৃঢ়রূপে দক্ষিণহস্তে সিসিটী ধারণ পূর্ব্বক বৃদ্ধাঙ্গুলি দ্বারা ছিপি আঁটিয়া ধরিয়া সিসি নিম্নমুখ করতঃ নাড়িতে থাক; নাড়িবার সময় প্রত্যেক বার যেন দক্ষিণহস্ত বাম করতলে আসিয়া লাগে। এইরূপে ১ম ক্রমের ঔষধ প্রস্তুত হইয়া থাকে। ১চিহ্নযুক্ত ঔষধের নাম লিখিত লেবেল সিসির গায়ে লাগাইয়া দাও।

দ্বিতীয় ও পরবর্ত্তী ক্রমের ঔষধ প্রস্তুত করিতে হইলে,পূর্ব্ববর্ত্তী ক্রমের ঔষধের ১ ভাগ ও ৯৯ ভাগ ভেষজবহ মিশ্রিত করিয়া পূর্ব্বোক্ত প্রণালী অনুসারে নাড়িয়া লও।

ডাক্তার আশওয়েল বলেন, সকল ক্রমের ঔষধই কাচের ছিপি যুক্ত সিসিতে রাখা শ্রেয়ঃ।

(২য়) বিচূর্ণ প্রস্তুত করিবার প্রণালী।

যে দিবস দিঙ্মণ্ডল বেশ উষ্ণ ও শুষ্ক থাকিবে, সেই দিবস বিচূর্ণ প্রস্তুত করিতে হয়। যে সকল পাত্র তজ্জন্য

tus you use should be pefectly clean. Wash the mortars first with cold water, then with hot water, wipe it dry, and burn a little alcohol in it. Do this for each subsequent trituration.

ব্যবহৃত হইবে তৎসমুদয় সুপরিষ্কৃত, হওয়া আবশ্যক। খল শীতল জলে, পরে উষ্ণ জলে ধৌত করিয়া উত্তমরূপে মুছিয়া শুষ্ক করিয়া লও। ঐ খলে একটু সুরাসার জ্বালাও। একপ্রকার বিচূর্ণ প্রস্তুত হইয়া গেলে অন্য প্রকার বিচূর্ণ প্রস্তুত করিবার পূর্ব্বে প্রত্যেক বার উল্লিখিতরূপে খল বিশুদ্ধ করিয়া লইবে।

Hard substances, as a general rule, are triturated more easily than soft substances; Zincum and Iridium (the hardest substance we have to triturate) show finer molecules than Graphites, Mercury and Plumbum. In triturating Plumbum, use the pestle very softly; and in making the first trituration of Mercury, Graphites and Plumbum, you should take double the time.
